পুঞ্জ ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি

রংপুর রোড, গোকুল, বগুড়া

PUB/২০২৬-৯১৫৮ তারিখ: ০১.১১.২০২৬ খ্রি.

নোটিশ

বিষয়: পুঞ্জ ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি'র নিজস্ব গ্র্যাজুয়েটদের মাস্টার্স কোর্সে ভর্তির ক্ষেত্রে ৫০% কোর্স ফি ছাড় প্রদান প্রসঙ্গে।

এতদ্বারা পুঞ্জ ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি এর সকল অনুষদ ও বিভাগের অধ্যয়নরত শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিশ্ববিদ্যালয়ের ২৮তম ভর্তি ও প্রচার-প্রচারণা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী পুঞ্জ বিশ্ববিদ্যালয় হতে অনার্স সম্পন্নকারী শিক্ষার্থীদের মাস্টার্স কোর্সে ভর্তির ক্ষেত্রে মোট কোর্স ফি-এর ওপর ৫০% (পঞ্চাশ শতাংশ) ছাড় প্রদান করা হবে। উল্লেখ থাকে যে, এ ক্ষেত্রে অন্য কোন সুবিধা (গ্রুপ ভিত্তিক ভর্তি বা বিশেষ কোন ছাড়) প্রযোজ্য হবে না।

বিশ্ববিদ্যালয়ের নিজস্ব গ্র্যাজুয়েটদের উচ্চশিক্ষা গ্রহণে উৎসাহিত করা এবং একই প্রতিষ্ঠানে উচ্চশিক্ষার ধারাবাহিকতা বজায় রাখার লক্ষ্যে এ বিশেষ সুবিধা প্রদান করা হচ্ছে। পুঞ্জ ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি'র অনার্স পর্যায়ে অধ্যয়নরত সকল শিক্ষার্থীকে অনার্স সম্পন্ন করার পর বিশ্ববিদ্যালয়ের মাস্টার্স প্রোগ্রামে ভর্তির এ বিশেষ সুযোগ গ্রহণের জন্য উৎসাহিত করা হলো।

বিস্তারিত তথ্য ও ভর্তি সংক্রান্ত পরামর্শের জন্য বিশ্ববিদ্যালয়ের ভর্তি ও মার্কেটিং অফিসে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,

০১/১১/২৬

রেজিস্ট্রার

পুঞ্জ ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি

০১.১১.২০২৬

বিতরণ: সকল ডিন ও বিভাগীয় প্রধানগণ, নোটিশ বোর্ড, অফিসিয়াল Facebook Page, বিভাগীয় Facebook Group এবং শিক্ষার্থীদের WhatsApp গ্রুপে ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিতঃ

১. মাননীয় চেয়ারম্যান, পুঞ্জ ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি ট্রাস্ট;
২. ট্রেজারার ও আহ্বায়ক, প্রচার-প্রচারণা কমিটি, পুঞ্জ ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি;
৩. পি এস টু ভিসি, পুঞ্জ ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি;
৪. আইটি শাখা, বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট ও সোশ্যাল মাধ্যমে প্রচারের অনুরোধসহ;
৫. সেকশন অফিসার-২, সকল ডিন ও বিভাগীয় প্রধানদের ই-মেইল করা অনুরোধসহ।